

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.২০.০০১.২২.২৬

তারিখ: ৯ মাঘ ১৪২৮

২৩ জানুয়ারি ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৬১৬২/২০২০ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার হাতীবান্ধা উপজেলাধীন হাতীবান্ধা মডেল কলেজের অধ্যক্ষ পুন: তদন্তের জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর ২৭/০২/২০২০ ইং তারিখে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় সংস্কৃত হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬১৬২/২০২০ মামলা দায়ের করেন। মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়সহ মোট ০৮ (আট) জনকে বিবাদী করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ১৫/১১/২০২১ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন:

“Pending hearing of the Rule, respondent No. 1 is directed to dispose of the application dated 27.02.2020 as evident in Annexure-P to the instant writ petition within 30 (thirty) working days from the date of receipt of the instant order.

এদিকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি কলেজ-৬ শাখা হতে গত ১৩ সেপ্টেম্বর ২০১৮ খ্রি. তারিখে ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.২৮২ সংখ্যক স্মারকে ২নং ক্রমিকে অভিযোগের বিষয়ে পরিদর্শন/তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে পত্র দেয়া হয়। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর রংপুর অঞ্চল, রংপুর, পরিচালক কর্তৃক তদন্ত কার্যক্রম পরিচালনা করেন। ২৬.০২.২০১৯ খ্রি. তারিখে পরিচালক, রংপুর অঞ্চল, রংপুর তদন্ত প্রতিবেদন দাখিল করেন। পরবর্তীতে তদন্ত প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ১১.১১.২০১৯ খ্রি. তারিখে ৩৭.০২.০০০০.১০৫.৯৯.১০১.২০১৯-৫৭৮৪ সংখ্যক স্মারকে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর প্রেরণ করেন।

এমতাবস্থায়, যেহেতু মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬১৬২/২০২০ মামলার আদেশে ০১নং বিবাদীকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করতে বলেছেন সেহেতু আবেদনকারীর ২৭.০২.২০২০ (Annexure-P) আবেদনটি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তির পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক।



২৩-১-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

অতিরিক্ত সচিব
কলেজ অনুবিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.২০.০০১.২২.২৬/১

তারিখ: ৯ মাঘ ১৪২৮

২৩ জানুয়ারি ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৩-১-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব